অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়নে সহায়তা করার জন্য ফেডারেল মুদ্রাস্ফীতি হ্রাস আইনের অধীনে নিউ ইয়র্ক স্টেটকে 13.5 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করা হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে জনসাধারণের জন্য গাছপালা ও সবুজ স্থানের অ্যাক্সেস সম্প্রসারণ করা, শহরাঞ্চলে গাছপালার আচ্ছাদন বৃদ্ধি করা, এবং নিউ ইয়র্কের আগ্রাসী জলবায়ু লক্ষ্যসমূহ পূরণের সহায়তা করার জন্য ঐতিহাসিক তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (Department of Agriculture) ফরেস্ট সার্ভিসের শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন কর্মসূচির (Urban and Community Forestry Program) তরফ থেকে নিউ ইয়র্ক স্টেটকে 13.5 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করা হয়েছে। প্রেসিডেন্ট বাইডেনের মুদ্রাস্ফীতি হ্রাস আইনের মাধ্যমে অর্থায়নকৃত এই অনুদান কর্মসূচি একটি নির্মল জ্বালানি অর্থনীতি গড়ে তুলতে, পরিবেশগত ন্যায়বিচার এগিয়ে নিতে, এবং অর্থনৈতিক সুযোগ-সুবিধা তৈরি করতে সহায়তা করার জন্য শহরাঞ্চল ও কমিউনিটির বনাঞ্চলগুলোতে গাছপালা ও সবুজ স্থানের সমতাপূর্ণ অ্যাক্সেস বৃদ্ধি করার উদ্দেশ্যে এই কর্মসূচি তৈরি করা হয়েছে।

"নিউ ইয়র্কের শহরাঞ্চল ও কমিউনিটির বনাঞ্চলগুলো আমাদের পরিবেশের জন্য এবং সব এলাকা ও কমিউনিটি যাতে গাছপালা যেসব সুফল বয়ে আনে, যেমন আমাদের পরিবর্তনশীল জলবায়ুর হুমকি মোকাবেলা করা, সেসব সুবিধার অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ভূমিকা পালন করে থাকে," **বলেছেন গভর্নর হোকল।** "প্রেসিডেন্ট বাইডেন এবং তার প্রশাসনের অধীনে এই ঐতিহাসিক পর্যায়ের তহবিল ঘোষণা করার সুবাদে, আমরা পরবর্তী প্রজন্মের জন্য আমাদের পরিবেশে বিনিয়োগ করা এবং সেটিকে উন্নত করা এবং কমিউনিটির সবুজ স্থানকে সমৃদ্ধ করে তোলার ক্ষেত্রে আরো একটি বড় পদক্ষেপ গ্রহণ করতে পেরেছি।"

যুক্তরাষ্ট্রের এগ্রিকালচার সেক্রেটারি টম ভিলস্যাক বলেন, "এই কর্মসূচি বাইডেন-হ্যারিস প্রশাসন কর্তৃক আমেরিকায় বিনিয়োগ করা এবং জিপ কোড বা এলাকা নির্বিশেষে সবাই যাতে গাছপালা ও সবুজ স্থানগুলো যেসব সুফল বয়ে আনে সেগুলোর সমতাপূর্ণ অ্যাক্সেস পান সে বিষয়টি নিশ্চিত করার আরেকটি উপায়। হিট স্ট্রেস কমানো অথবা বৃক্ষরোপণ ও রক্ষণাবেক্ষণ খাতে কর্মসংস্থান সৃষ্টি করা উভয়টির মাধ্যমে, এই অনুদান তহবিল শহরাঞ্চলে গাছপালার

আচ্ছাদনের অভাব রয়েছে এমন কমিউনিটিগুলোতে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করার মাধ্যমে পরিবেশগত ন্যায়বিচার এগিয়ে নেওয়ার জন্য মাঠ পর্যায়ে কাজ করছে এমন স্থানীয় কমিউনিটিগুলো এবং অংশীদারদের সহায়তা করবে এবং একইসাথে শিশুদের ঘরের বাইরে খেলাধুলার জন্য আরো বেশি নিরাপদ স্থান প্রদান করবে।"

নিউ ইয়র্কের জন্য এই উল্লেখযোগ্য বিনিয়োগ দেশজুড়ে শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন প্রকল্পগুলোতে 1.5 বিলিয়ন ডলারের ফেডারেল বিনিয়োগের অংশ, যার মধ্যে স্টেটজুড়ে 28টি বনায়ন প্রকল্পের জন্য 73.5 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান অন্তর্ভুক্ত রয়েছে, যেগুলো সম্পর্কিত তথ্য এখানে পাওয়া যাবে। এই ঐতিহাসিক সহায়তা বায়ু, ভবন, ও পেভমেন্ট ঠাণ্ডা রাখা; বৃষ্টির পানি আটকে থাকার জায়গা কমিয়ে আনা; বায়ুর মান উন্নত করা; এবং আরো অনেক কিছুর মাধ্যমে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় শহরাঞ্চলে বনভূমি থাকার গুরুত্বের উপর আলোকপাত করছে। নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) স্টেটের এই 13.5 মিলিয়ন ডলারের বরাদ্দ নিয়ন্ত্রণ করবে এবং স্টেটের শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন কর্মসূচির মাধ্যমে অনুদানপ্রাপ্তির সুযোগ প্রদান করবে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "আমাদের শহরাঞ্চল ও কমিউনিটির পরিবেশে এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টায় বাইডেন প্রশাসনের অব্যাহত সহায়তার জন্য আমি প্রেসিডেন্ট বাইডেনকে সাধুবাদ জানাই। আজকের ঘোষণার মাধ্যমে শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়নে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের এযাবতকালের সর্ববৃহৎ অনুদানের সুযোগ প্রদান করা হচ্ছে এবং এসব অনুদান সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে এমন কমিউনিটিগুলোর স্বাস্থ্য, নিরাপত্তা ও সহনশীলতা উন্নত করতে সাহায্য করবে। আমি উপযুক্ত সরকারি সংস্থা, মিউনিসিপ্যালিটি, ইন্ডিয়ান নেশনস (Indian Nations) এবং অলাভজনক সংস্থাগুলোকে এই ঐতিহাসিক সুযোগ সম্পর্কে আরো তথ্য জানার জন্য DEC-এর আসন্ন ভার্চুয়াল তথ্য অধিবেশনে অংশ নিতে উৎসাহিত করছি।"

রিপ্রেজেন্টেটিভ অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "সবুজ স্থানগুলো আমাদের কমিউনিটিগুলো এবং সেগুলোর কাছাকাছি বসবাসকারী ব্যক্তি ও পরিবারগুলোর স্বাস্থ্য ও সুস্থতার উপর একটি তাৎক্ষণিক প্রভাব ফেলে। মুদ্রাস্ফীতি হ্রাস আইনের মাধ্যমে যেসব ফেডারেল তহবিল সংগ্রহ করতে আমি সাহায্য করেছিলাম সেগুলো এই সাম্প্রতিক উদ্যোগের মাধ্যমে আমাদের স্টেটজুড়ে সবুজ লোকেশনগুলো সম্প্রসারণ করার জন্য সহায়তা করতে বরাদ্দ করায় আমি নিউ ইয়র্কের গভর্নর হোকলের প্রশংসা করি। এই কাজের মাধ্যমে আমরা চিত্তবিনোদন এবং ঘরের বাইরে আনন্দময় সময় কাটানোর লোকেশনগুলো সম্প্রসারণ করছি, পরিবারগুলোকে সক্রিয় থাকতে উৎসাহিত করছি এবং কমিউনিটিগুলোকে স্বাস্থ্যকর রাখছি।"

DEC শীঘ্রই আনুমানিক 13 মিলিয়ন ডলারের IRA তহবিলের জন্য অনুদানপ্রাপ্তির জন্য আবেদনের সময়সীমা উন্মুক্ত করতে যাচ্ছে। দশ মিলিয়ন ডলারের অনুদান কমিউনিটি বন ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করবে এবং 2.9 মিলিয়ন ডলার অ্যাশ ট্রি ম্যানেজমেন্টকে (Ash Tree Management) সহায়তা করবে। বরাদ্দকৃত অবশিষ্ট তহবিল থেকে

অনুদান প্রদান করা হবে। সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে সম্পূর্ণ প্রকল্পগুলোর ক্ষেত্রে ফেডারেল অনুদান কর্মসূচির জন্য আবেদনকারীর তরফ থেকে সমপরিমাণ অর্থ ম্যাচ করার কোনো শর্ত নেই। প্রতিটি আবেদনে সর্বোচ্চ 500,000 ডলার পর্যন্ত অনুরোধ করা যাবে। আগামী সপ্তাহগুলোতে এই অনুদানপ্রাপ্তির সুযোগের জন্য আবেদনের সময়সীমা উন্মুক্ত হওয়ার ঘোষণা দেওয়া হবে।

সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য এই নতুন, সীমিত সময়ের অনুদানপ্রাপ্তির সুযোগ সম্পর্কে তথ্য প্রদান করতে DEC মঙ্গলবার, 24 অক্টোবর, 2023 তারিখে, দুপুর 1টা থেকে 2:30টা পর্যন্ত একটি ভার্চুয়াল তথ্য অধিবেশন আয়োজন করতে যাচ্ছে। এই তথ্য অধিবেশনে উপযুক্ত আবেদনকারী ও প্রকল্পগুলো, আবেদনের আবশ্যিকতাসমূহ ও স্কোরিং, এবং আবেদনকারীদেরকে তাদের প্রকল্পগুলো নিয়ে পরিকল্পনা করতে সাহায্য করবে এমন অন্যান্য তথ্য নিয়ে আলোচনা করা হবে। এই ওয়েবিনারের জন্য এখানে নিবন্ধন করুন।

DEC-এর শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য DEC ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন